তারিখ 14 DEC 2017
পৃষ্ঠা [illegible] কলাম ২

# শিক্ষা খাতে দুর্নীতি বন্ধে দুদকের ৩৯ সুপারিশ

■ বাসস

শিক্ষা খাতে দুর্নীতি বন্ধে মন্ত্রিপরিষদ বিভাগে ৩৯টি সুপারিশ পাঠিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। দুদকের উপ-পরিচালক (জনসংযোগ) প্রবণ কুমার ভট্টাচার্য এ তথ্য জানান।

তিনি বলেন, শিক্ষা খাতে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে প্রশ্নপত্র ফাঁস, নোট অথবা গাইড, কোচিং বাণিজ্য, শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ, এমপিওভুক্তি, নিয়োগ ও বদলিসহ বিভিন্ন ধরনের দুর্নীতির উৎস এবং তা বন্ধে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব বরাবর ৩৯টি সুনির্দিষ্ট সুপারিশ করা হয়েছে। শিক্ষা খাতে দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে দুদক গঠিত প্রাতিষ্ঠানিক টিমের প্রতিবেদনের ভিত্তিতে এ সুপারিশমালা করা হয়েছে বলে জানান তিনি।

দুর্নীতি বন্ধে কার্যকর ব্যবস্থা নিতে এসব সুপারিশ মন্ত্রিপরিষদ বিভাগ সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান এবং শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলীর বরাবর পাঠানো হয়।

প্রবণ কুমার ভট্টাচার্য আরও জানান, প্রশ্নপত্র ফাঁস দুর্নীতির নতুন সংযোজন। অবৈধ অর্থের বিনিময়ে কিছু দুর্নীতিপরায়ণ কর্মকর্তা এ জাতীয় অপরাধে সংশ্লিষ্ট থাকেন বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়। প্রশ্নপত্র ফাঁসে শিক্ষা বোর্ড, বাংলাদেশ সরকারি প্রেস (বিজি প্রেস), ট্রেজারি এবং পরীক্ষা কেন্দ্রের কিছু অসাধু কর্মকর্তার সঙ্গে কোচিং সেন্টার, প্রতারক শিক্ষক ও বিভিন্ন অপরাধী চক্র যুক্ত থাকতে পারেন বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়।